

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৬

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৪১. মোজার উপর মাসেহ করা

بَابٌ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا زَكَرِيَّا هُوَ ابْنُ أَبِي زَائِدَةً عَنْ عَامِرٍ عَنْ عُرْوَةَ بْنِ الْمُغِيرَةِ عَنْ أَبِيهِ قَالَ كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فِي سَفَرٍ فَقَالَ أَمَعَكَ مَاءٌ فَقُلْتُ نَعَمْ فَنَزَلَ عَنْ رَاحِلَتِهِ فَمَشَى حَتَّى تَوَارَى عَنِّي فِي سَوَادِ اللَّيْلِ ثُمَّ جَاءَ فَأَفْرَغْتُ عَلَيْهِ مِنْ الْإِدَاوَةِ فَغَسَلَ يَدَيْهِ وَوَجْهَهُ وَعَلَيْهِ جُبَّةٌ مِنْ صُوفٍ فَلَمْ يَسْتَطِعْ أَنْ يُخْرِجَ ذِرَاعَيْهِ مِنْهَا الْإِدَاوَةِ فَغَسَلَ يَدَيْهِ وَوَجْهَهُ وَعَلَيْهِ جُبَّةٌ مِنْ صُوفٍ فَلَمْ يَسْتَطِعْ أَنْ يُخْرِجَ ذِرَاعَيْهِ مِنْهَا حَتَى أَخْرَجَهُمَا مِنْ أَسْفَلِ الْجُبَّةِ فَغَسَلَ ذِرَاعَيْهِ وَمَسَحَ بِرَأُسِهِ ثُمَّ أَهْوَيْتُ لِأَنْزِعَ خُفَيْهِ فَقَالَ دَعُهُمَا فَإِنِّي أَدْخَلْتُهُمَا طَاهِرَتَيْنِ فَمَسَحَ عَلَيْهِمَا

إسناده صحيح

বাংলা

৭৩৬. উরওয়াহ ইবনুল মুগীরাহ কর্তৃক তাঁর পিতা (মুগীরাহ) রাদ্বিয়াল্লান্থ আনন্থ হতে বর্ণিত, তিনি বলেন, আমি কোনো রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের সাথে সফরে ছিলাম। তখন তিনি বললেন: "তোমার সাথে কি পানি আছে?" আমি বললাম: হাঁ। তারপর তিনি তাঁর বাহন হতে নামলেন। অতঃপর তিনি হাঁটতে থাকলেন যতক্ষণ না তিনি রাতের অন্ধকারের মধ্যে আমার থেকে আড়ালে চলে গেলেন। অতঃপর তিনি ফিরে এলেন আর আমি পানির পাত্র হতে তাঁকে পানি ঢেলে দিতে লাগলাম। তখন তিনি তাঁর হাত দু'টি এবং মুখমণ্ডল ধুলেন। আর তাঁর পরণে ছিল সূফ (পশমের) জুব্বা। ফলে তিনি জুব্বার (হাতা দিয়ে) তাঁর হাত দুটি বের করতে পারছিলেন না, ফলে জুব্বার নিচ দিয়ে হাত দু'টি বের করলেন এবং উভয় হাত ধুলেন, মাথা মাসেহ করলেন অতঃপর আমি তাঁর (পায়ের) মোজা জোড়া খুলতে চাইলাম। তখন তিনি বললেন: "ও দু'টো থাক, আমি তো ও দু'টো পবিত্র অবস্থায়ই পরেছিলাম।" (এ বলে) তিনি সেই দু'টোর উপর মাসেহ করলেন।[1]

ফটনোট



[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ২০৬ (সংক্ষিপ্ত আকারে); সহীহ মুসলিম ২৭৪ (৭৯)।

আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৩৪৭ এ; মুসনাদুল হুমাইদী নং ৭৭৫. ৭৭৬ এর টীকায়। আরও দেখুন নাইলুল আওতার ১/২২৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ ইবনুল মুগীরাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন